

3 (Sem-6/CBCS) BEN HC 2

2025

BENGALI
(Honours Core)

Paper : BEN-HC-6026

(পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনা)

Full Marks : 80

Time : 3 hours

***The figures in the margin indicate full marks
for the questions***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

(ক) কাব্যনির্মাণকলা-বিষয়ক অ্যারিস্টটল-এর বিখ্যাত গ্রন্থটির নাম কী?

(খ) “A great poet is both classical and Romantic.” বক্তা কে?

(গ) ‘সুরিয়ালিজম’-এর মুখপাত্র কে ছিলেন?

(ঘ) ‘লিরিক্যাল ব্যালাডস’ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(ঙ) চিত্রকলায় বাস্তববাদের শ্রেষ্ঠ প্রতিনিধি কে?



- (চ) প্লেটোর গুরু কে ছিলেন ?
- (ছ) লঞ্জাইনাস-রচিত সমালোচনা গ্রন্থটির নাম উল্লেখ করো ।
- (জ) ঐতিহাসিক সমালোচকের দৃষ্টি কোন বিষয়ের উপর নিবদ্ধ থাকে ?
- (ঝ) *Phaedrus* গ্রন্থটি কার লেখা ?
- (ঞ) শুদ্ধ উত্তরটি লেখো :
- ফ্রোচ-এর শিল্পতত্ত্বের ভিত্তি ছিল মার্ক্সবাদ/
ভাববাদ ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

- (ক) ক্লাসিক্যাল রীতির দুজন সমালোচকের নাম লেখো ।
- (খ) রোমান্টিক সাহিত্যের ভাববস্তুর যে কোনো দুটি স্বরূপ উল্লেখ করো ।
- (গ) পরাবাস্তবতার দুটি লক্ষণ উল্লেখ করো ।
- (ঘ) প্লেটো রচিত দুটি সমালোচনা গ্রন্থের নাম লেখো ।
- (ঙ) 'ফলস্টাফ' ও 'শকার' চরিত্রদ্বয়ের স্রষ্টাদের নাম লেখো ।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- (ক) 'ফ্রপদী' (classical) সাহিত্যের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।
- (খ) রোমান্টিসিজম-এ প্রকৃতি ও নিসর্গপ্রীতির গুরুত্ব নির্ণয় করো ।

- (গ) পরাবাস্তববাদ (Surrealism)-এ ফ্রয়েড-এর স্বপ্নতত্ত্বের ভূমিকা আলোচনা করো ।
- (ঘ) "অবশ্য তুলনার জন্য উভয়ের মধ্যে সামান্য ধর্মের ঐক্য চাই, বিশেষ ধর্মের নাই বা মিল হল।" তুলনামূলক সমালোচনার ক্ষেত্রে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো ।
- (ঙ) কাব্যসাহিত্যে কল্পনার ভূমিকা সম্পর্কে প্লেটোর মতামত সংক্ষেপে আলোচনা করো ।
- (চ) টীকা লেখো : দান্তে ।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

- (ক) " 'ক্লাসিক্যাল' বা ফ্রপদী সাহিত্যের মেজাজে থাকে বলিষ্ঠতার ছাপ, ভাষায় থাকে মহিমময় গভীরতা।" উক্তির আলোকে ফ্রপদী সাহিত্য সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো ।
- (খ) রোমান্টিসিজম-এর বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো ।
- (গ) বাস্তববাদ (Realism)-এর স্বরূপ ব্যাখ্যা করো এবং পাশ্চাত্য সাহিত্যে বাস্তববাদের উদ্ভব ও বিকাশের কারণসমূহ আলোচনা করো ।
- (ঘ) পরাবাস্তবতার সংজ্ঞা উল্লেখ করে জীবনানন্দ দাশের 'ঘোড়া' কবিতায় প্রতিফলিত পরাবাস্তবতার ভাবনা ও শৈলী সম্পর্কে আলোচনা করো ।
- (ঙ) সাহিত্য সমালোচনার ক্ষেত্রে 'ঐতিহাসিক সমালোচনা' পদ্ধতি সম্পর্কে আলোচনা করো ।

- (চ) “সাহিত্য পাঠশিক্ষার জন্য নয়—উপভোগ বা আনন্দের জন্য।” উক্তিটির নিরিখে সাহিত্যতাত্ত্বিক লঞ্জাইনাস-এর অভিমত ব্যক্ত করো।
- (ছ) ড্রাইডেন-এর সাহিত্য সমালোচনাতত্ত্ব সম্পর্কে যথাযথ আলোচনা করো।
- (জ) বেনেদেত্তো ক্রোচ-এর শিল্পতত্ত্বের আলোচনা করো।
